[1][“তপশিল

[ধারা ৯ (১) ও ৯ (৩) দ্রষ্টব্য]

ফরম-ক

ছবি

ইট প্রস্তুতকরণের লাইসেন্সের জন্য আবেদন

১। দরখাস্তকারীর নাম :

২। জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নং :

৩। ঠিকানা : (ক) স্থায়ী-

(খ) অস্থায়ী-

৪। পেশা :

৫। ইট পোড়ানোর উদ্দেশ্য :

৬। ইটের ভাটার অবস্থান (৩ কপি ম্যাপ সংযুক্ত করিতে হইবে) :

(ক) দাগ নং-
(খ) মৌজা নং-
(গ) গ্রামের নাম/রাস্তার নাম-
(ঘ) ইউনিয়নের নাম-
(ঙ) উপজেলার নাম-

৭। কি ধরনের জ্বালানি দ্বারা ইট পোড়ানো হইবে বা কোন প্রযুক্তিতে ইট প্রস্তুত করা হইবে :

৮। প্রস্তাবিত জ্বালানির উৎস :

৯। প্রস্তাবিত মাটির উৎস ও ঠিকানা (৩ কপি ম্যাপ সংযুক্ত করিতে হইবে) :

(ক) দাগ নং-
(খ) মৌজা নং-
(গ) গ্রামের নাম/রাস্তার নাম-
(ঘ) ইউনিয়নের নাম-
(ঙ) উপজেলার নাম-

১০। উৎপাদন ক্ষমতা :

১১। ব্লক তৈরি করা হইবে কি না, করা হইলে শতকরা কতভাগ/পরিমাণ :

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ-............
নাম-..............

তদন্তকারী কর্মকর্তা বা ব্যক্তির প্রতিবেদন :

সংশ্লিষ্ট রেকর্ড পত্র পরীক্ষা ও সরেজমিনে তদন্ত করিয়া বর্ণিত বিষয়সমূহ সঠিক পাওয়ায়/না পাওয়ায় লাইসেন্স প্রদানের জন্য সুপারিশ করা গেল/গেল না।

স্বাক্ষর-
তারিখ-

---

[1] তপশিল ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০১৯ (২০১৯ সনের ০১ নং আইন) এর ১৭ ধারাবলে সংযোজিত।

নাম-
পদবি-
সীল-

অঙ্গীকার নামা

আমি .... , পিতা ...., মাতা........................... ইটভাটার মালিক এই মর্মে **অঙ্গীকার** করিতেছি যে, ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এবং উক্ত আইনের অধীন প্রণীত বিধিমালার বিধানসহ লাইসেন্সের সকল শর্ত মানিয়া চলিব। ইহার কোনো ব্যত্যয় ঘটিলে ইটভাটা বন্ধসহ আইনানুগ গৃহীত সকল প্রকার ব্যবস্থায় আমার কোনো আপত্তি থাকিবে না।

স্বাক্ষর

নাম-

প্রতিষ্ঠানের নাম-

তারিখ-

সত্যায়ন

আমার সম্মুখে আবেদনকারী জনাব................., পিতা ...., মাতা ...., স্বাক্ষর করিয়াছেন।

সিনিয়র/সহকারী কমিশনার

ও

নির্বাহী ম্যাজিস্ট্রেট

জেলা-

ছবি

ফরম-খ

জেলা প্রশাসকের কার্যালয়

.... জেলা

ইট প্রস্তুতকরণের লাইসেন্স

প্রাপকের নাম...

জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নং-

ঠিকানা

....

আপনার...তারিখের দরখাস্তের প্রেক্ষিতে আপনাকে ইট প্রস্তুতের জন্য নিম্নবর্ণিত শর্তে লাইসেন্স প্রদান করা হইল।

১। ইটভাটার অবস্থান :

(ক) দাগ নং-

(খ) মৌজা নং-

(গ) গ্রামের নাম/রাস্তার নাম-

(ঘ) ইউনিয়নের নাম-

(ঙ) উপজেলার নাম-

২। লাইসেন্সের মেয়াদ .... তারিখ হইতে ....তারিখ পর্যন্ত।

৩। লাইসেন্স ফি বাবদ টাকা...................... (কথায়...........................), চালান নং ...., তারিখ .... এর মাধ্যমে গ্রহণ করা হইল।

৪। **শর্তাবলি :**

(ক) ইটভাটায় কোনো অবস্থাতেই কোনো প্রকার জ্বালানি কাঠ ব্যবহার করা যাইবে না।

(খ) লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন বা প্রতিপালন করা হইতেছে কিনা, অথবা আইনের অধীন শাস্তিযোগ্য কোনো অপরাধ সংঘটিত হইয়াছে বা হইতেছে কিনা উহা তদারকির জন্য জেলা প্রশাসক স্বয়ং বা উপজেলা নির্বাহী কর্মকর্তা বা পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলার কার্যালয়ের কোনো কর্মকর্তা বা সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা বা তৎকর্তৃক মনোনীত কোনো বন কর্মকর্তা (ফরেস্টার পদের নিম্নে নহে), যে কোনো সময় বিনা নোটিশে ইটভাটায় প্রবেশ ও ভাটা পরিদর্শন, যে কোনো ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ বা যে কোনো দলিলাদি তলব করিতে পারিবেন।

(গ) জেলা প্রশাসকের অনুমোদন ব্যতীত, ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে মজা পুকুর বা খাল বা বিল বা খাঁড়ি বা দিঘি বা নদ-নদী বা হাওড়-বাওড় বা চরাঞ্চল বা পতিত জায়গা হইতে মাটি কাটা বা সংগ্রহ করা যাইবে না।

(ঘ) ইটভাটায় ইট পোড়ানোর কাজে নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত সালফার, অ্যাশ, মারকারি বা অনুরূপ উপাদান সংবলিত কয়লা জ্বালানি হিসাবে ব্যবহার করা যাইবে না।

(ঙ) নিম্নবর্ণিত এলাকার সীমানার অভ্যন্তরে কোনো ইটভাটা স্থাপন করা যাইবে না :

(১) আবাসিক, সংরক্ষিত বা বাণিজ্যিক এলাকা;

(২) সিটি কর্পোরেশন, পৌরসভা বা উপজেলা সদর;

(৩) কৃষিজমি;

(৪) প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা;

(৫) ডিগ্রেডেড এয়ার শেড।

(চ) নিম্নবর্ণিত দূরত্বে বা স্থানে ইটভাটা স্থাপন করা যাইবে না, যথা :—

(১) দফা (ঙ) তে উল্লিখিত এলাকার সীমারেখা হইতে ন্যূনতম ১ (এক) কিলোমিটার দূরত্বের মধ্যে;

(২) সরকারি বনাঞ্চলের সীমারেখা হইতে ২ (দুই) কিলোমিটার দূরত্বের মধ্যে;

(৩) কোনো পাহাড় বা টিলার উপরিভাগে বা ঢালে বা তৎসংলগ্ন সমতলে কোনো ইটভাটা স্থাপনের ক্ষেত্রে উক্ত পাহাড় বা টিলার পাদদেশ হইতে কমপক্ষে ১/২ অর্ধ) কিলোমিটার দূরত্বের মধ্যে;

(৪) পার্বত্য জেলায় ইটভাটা স্থাপনের ক্ষেত্রে, পার্বত্য জেলার পরিবেশ উন্নয়ন কমিটি কর্তৃক নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে;

(৫) বিশেষ কোনো স্থাপনা, রেলপথ, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ও ক্লিনিক, গবেষণা প্রতিষ্ঠান, বা অনুরূপ কোনো স্থান বা প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ১ (এক) কিলোমিটার দূরত্বের মধ্যে।

(ছ) পোড়ানো ইটের পরিসংখ্যান ও বিক্রয়ের ব্যাপারে রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

(জ) পরিবেশ অধিদপ্তরের অবস্থানগত ছাড়পত্রের শর্তাবলি যথাযথভাবে অনুসরণ করিতে হইবে, এবং পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত ইটভাটা চালু করা যাইবে না।

(ঝ) আবেদনে উল্লিখিত ইটভাটার জন্য নির্ধারিত জমির অধিক জমি ইটভাটার কাজে কোনোক্রমেই ব্যবহার করা যাইবে না।

(ঞ) আইন এবং উক্ত আইনের অধীন প্রণীত বিধির পরিপন্থি কোনোরূপ কার্যক্রম গ্রহণ করা যাইবে না এবং এ বিষয়ে আইনের সকল বিধি-নিষেধ মানিয়া চলিতে হইবে।

(ট) লাইসেন্সের কোনো শর্ত বা পরিবেশগত ছাড়পত্রে উল্লিখিত কোনো শর্ত লঙ্ঘন করিলে কর্তৃপক্ষ যে কোনো সময়ে আইন অনুযায়ী লাইসেন্স বাতিল করিতে পারিবে।

৫। আইনের ধারা ৮ এর উপ-ধারা (৩) এর অধীন কোনো শর্ত হইতে অব্যাহতি প্রদান করা হইয়া থাকিলে—

(ক) অব্যাহতিপ্রাপ্ত শর্ত:

(খ) অব্যাহতি প্রদানের কারণ :

(গ) অব্যাহতি প্রদানের ভিত্তি :

স্বাক্ষর-

জেলা প্রশাসক অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা

জেলা-

সীল’’

]